

# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
বর্ষ ০৩, সংখ্যা ০১, জুলাই-সেপ্টেম্বর, ২০২৩








*স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে ব্যানার, প্ল্যাকার্ডসহ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।*

## জাতীয় শোক দিবস উপলক্ষে ইজিসিবি'র ভার্চুয়াল আলোচনা ও দোয়া মাহফিল

স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) এর কর্পোরেট অফিসে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় ইজিসিবি লিঃ এর চেয়ারম্যান মহোদয় , পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, নির্বাহী পরিচালকগণ ও ইজিসিবি লিঃ এর অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগন সংযুক্ত ছিলেন।

সভায় আলোচনা হয় যে, বাঙালি জাতির স্বপ্নদ্রষ্টা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের মানুষের জন্য তাঁর জীবনের অর্ধেক সময় কারাভোগ করেছেন। তিনি ছিলেন বাঙালি জাতি তথা বিশ্বের অবিসংবাদিত নেতা। এই আগষ্ট মাসে ইতিহাসের বর্বরোচিত ও মর্মান্তিক হত্যাযজ্ঞ চালিয়ে স্বপরিবারে হত্যা করা হয় জাতীর পিতা বঙ্গবন্ধুকে। বঙ্গবন্ধু ছিলেন জাতীয় ঐক্য, প্রেরণা ও স্বাধীনতার মূর্ত প্রতীক, বাঙালি জাতির স্বপ্নের রূপকার। তাঁর ইস্পাত কঠিন নেতৃত্ব বাঙালি জাতিকে দিয়েছে অধিকার আদায়ের প্রেরণা। সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ, দুরুদপাঠ এবং দোয়া মুনাজাত করা হয়।






*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলের একাংশ।*

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ও শোকের মাস উপলক্ষ্যে ইজিসিবি লিঃ কর্তৃক মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী গৃহীত

১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ১লা আগস্ট থেকে ইজিসিবি লিঃ এর কর্পোরেট অফিসসহ আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত ডিজাইনের ড্রপডাউন ব্যানার এবং স্ট্যান্ড ব্যানার স্থাপন করা হয়। এছাড়াও ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ, দুরুদপাঠ এবং দোয়া মুনাজাত করা হয়।

১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষ্যে ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের ভবন/স্থাপনায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।















*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্র সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের প্রয়াত সদস্যদের জন্য মিলাদ, দুরুদপাঠ এবং দোয়া মুনাজাত করা হয়।*

## ফেনী জেলার সোনাগাজীতে যৌথ উদ্যোগে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার লক্ষ্যে ইজিসিবি লিঃ ও Hero Future Energies Asia Pte. Ltd. (HFE Asia) এর সাথে MoU স্বাক্ষর

ফেনী জেলার সোনাগাজীতে ইজিসিবি'র অধিগ্রহণতব্য ভূমিতে যৌথ উদ্যোগে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার লক্ষ্যে Hero Future Energies Asia Pte. Ltd. (HFE Asia) এর সাথে MoU স্বাক্ষরে সরকারের নীতিগত অনুমোদনের প্রেক্ষিতে ১৮/০৯/২০২৩ তারিখে MoU স্বাক্ষরিত হয়। ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের সভাকক্ষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্ব MoU স্বাক্ষর অনুষ্ঠানে ইজিসিবি লিঃ ও Hero Future Energies Asia Pte. Ltd. (HFE Asia) এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। MoU স্বাক্ষর শেষে পরবর্তী কার্যক্রমসমূহ নিয়ে আলোচনা করা হয়।





*ফেনী জেলার সোনাগাজীতে যৌথ উদ্যোগে ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার লক্ষ্যে Hero Future Energies Asia Pte. Ltd. (HFE Asia) এর সাথে MoU স্বাক্ষরের একাংশ*

## ইজিসিবি'র আওতাধীন হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিল সম্পন্ন

ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের অগ্নিনির্বাপন ব্যবস্থা সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে এবং সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিল সম্পন্ন হয়েছে। ফায়ার সার্ভিস, আদমজী ইউনিট এর তত্ত্বাবধানে উক্ত ড্রিলটি পরিচালনা করা হয়। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী উক্ত ফায়ার ড্রিলে অংশ নিয়েছিলেন।





*হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে ফায়ার ড্রিলের একাংশ*

## ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ও কর্পোরেট দপ্তরে Employee of the month নির্বাচনের উদ্যোগ গ্রহণ

ইজিসিবি তে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কার্যক্ষেত্রে মুল্যায়ন এবং কার্যক্ষেত্রে উৎসাহ প্রদানের নিমিত্ত মাসিক ভিত্তিতে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র হতে ০১ জন করে ও কর্পোরেট দপ্তর হতে ০১ জন কর্মকর্তা/কর্মচারী কে Employee of the month নির্বাচন, নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে সনদ, প্রশংসা পত্র প্রদান ও নোটিশ বোর্ডে/ডিসপ্লে তে তাঁর ছবি প্রদর্শন ইত্যাদি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেই লক্ষ্যে ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে বিভিন্ন সময়ে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে Employee of the month নির্বাচন করা হয়েছে এবং নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে প্রশংসা পত্র ও ক্রেস্ট প্রদান এবং তাঁর ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন করা হয়েছে।







*ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে জুলাই ও আগস্ট ২০২৩ মাসের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে নির্বাচিত Employee of the month*

## হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি'তে পরিষ্কার পরিচ্ছন্নতা (Housekeeping) দিবস অনুষ্ঠিত






*হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি'তে পরিষ্কার পরিচ্ছন্নতা (Housekeeping) দিবস অনুষ্ঠিত হয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে বিদ্যুৎ কেন্দ্রের সকলের উপস্থিতিতে কর্মস্থলের পরিষ্কার পরিচ্ছন্নতার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয় এবং প্রতি মাসে প্রথম শনিবার কে অত্র বিদ্যুৎ কেন্দ্রের জন্য Housekeeping Day ঘোষণা করা হয়*

## ইজিসিবি’র অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত

ইজিসিবি’র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নকল্পে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ইজিসিবি’র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি ও সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর সকল অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে গত ০৯/০৯/২০২৩ তারিখে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ইজিসিবি’র সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি ও সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর সকল অংশীজন/অংশীজনের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



*ইজিসিবি’র অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার একাংশ*

## সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি তে Industrial Attachment সম্পন্ন

সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টে টাংগাইল পলিটেকনিক ইন্সটিটিউট এর শিক্ষার্থীদের তিন মাসব্যাপী ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং অনুষ্ঠিত হয়। বিদ্যুৎ কেন্দ্রের কর্মকরতাগণের সার্বিক তত্ত্বাবধানে উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।





*টাংগাইল পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীদের তিন মাসব্যাপী ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর কিছু অংশ*

## ইজিসিবি তে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং শুদ্ধাচার -চর্চা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

ইজিসিবি’র কর্পোরেট অফিসের সভাকক্ষে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং শুদ্ধাচার-চর্চা বিষয়ক একটি প্রশিক্ষণ ৩১/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি’র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।





*শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং শুদ্ধাচার-চর্চা বিষয়ক প্রশিক্ষণের একাংশ*